

(একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
উপকরণ-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.moa.gov.bd](http://www.moa.gov.bd)


নং-১২.০০.০০০০.০২৭.২৭.০০১.১৮-১০০

তারিখ: ০১ চৈত্র ১৪২৪  
১৫ মার্চ ২০১৮

**শুনানির নোটিশ**

জনাব দেলোয়ার আজাদ, পিতা-জনাব এমএ লতিফ, মাতা-সুফিয়া আক্তার, গ্রাম: দৌলতপুর, উপজেলা: গফরগাঁও, জেলা: ময়মনসিংহ গত ১১ মার্চ ২০১৮ তারিখে কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় বরাবর তথ্য অধিকার আইনে একটি আপীল আবেদন করেছেন (কপি সংযুক্ত) যা কৃষি মন্ত্রণালয় কর্তৃক ১১ মার্চ ২০১৮ তারিখ গ্রহণ করা হয়। উক্ত আপীল আবেদনে তিনি উল্লেখ করেছেন যে, বিএডিসি'র নিয়োগ পরীক্ষায় গুদাম রক্ষক পদে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছেন। তার রোল নং ২০০৮৫৭৯। তিনি গুদাম রক্ষক পদে চূড়ান্তভাবে উত্তীর্ণ ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলার দুইজন প্রার্থীর লিখিত পরীক্ষার আইবিএ প্রদত্ত নম্বর ও উত্তীর্ণ দুইজন প্রার্থীর পক্ষে সরকারের কোনো মাননীয় মন্ত্রীর সুপারিশ ছিল কিনা এবং থাকলে সুপারিশের অনুলিপি চেয়ে চেয়ারম্যান, বিএডিসি বরাবর আবেদন করেছেন। কিন্তু বিএডিসি হতে কোনো তথ্য পাননি। উল্লিখিত আপীল আবেদনটি নিষ্পত্তির জন্য আগামী ২০ মার্চ ২০১৮ তারিখ মঙ্গলবার, বিকেল ৩:০০ টায় (কক্ষ নং ৫৩৬, ভবন নং-৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় কর্তৃক শুনানি গ্রহণ করা হবে।

০২। বর্ণিত অবস্থায়, উক্ত শুনানিতে যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মোর্শেদা আক্তার)

উপসচিব

ফোন: ৯৫৭৭৪১৪

ই-মেইল: dsinput1@moa.gov.bd

**বিতরণ :**

- ১। সচিব, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি), দিলকুশা বা/এ, মতিঝিল, ঢাকা।
- ২। জনাব মো: ফেরদৌস রহমান, মহাব্যবস্থাপক (তদন্ত), বিএডিসি, ঢাকা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সদপত্র দপ্তর, তথ্য প্রদান ইউনিট।
- ৩। জনাব দেলোয়ার আজাদ, পিতা-জনাব এমএ লতিফ, মাতা-সুফিয়া আক্তার, গ্রাম: দৌলতপুর, পোস্ট ও উপজেলা: গফরগাঁও, জেলা: ময়মনসিংহ।

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য) :**

- ০১। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি), দিলকুশা বা/এ, মতিঝিল, ঢাকা।
- ০২। উপসচিব, নিরাপত্তা-২ অধিশাখা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব এর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ০৫। অতিরিক্ত সচিব (প্রশা: ও উপ:) এর ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। যুগ্মসচিব (উপকরণ)এর ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।